

মেডিকেল কলেজ হাসপাতালের সিটিজেন চার্টার

মেডিকেল কলেজ হাসপাতালের সিটিজেন চার্টার

জরুরী বিভাগ

১. জরুরী বিভাগ ২৪ ঘণ্টা খোলা থাকে এবং জরুরী রোগীদের তাৎক্ষণিকভাবে চিকিৎসা সেবা প্রদান করা হয়।
২. ইমার্জেন্সি রোগীর ক্ষেত্রে তাৎক্ষণিক চিকিৎসা সেবা নিশ্চিত করার পর অন্যান্য আনুষ্ঠানিক প্রক্রিয়া সম্পন্ন করা হয়।
৩. প্রয়োজনীয় সংখ্যক ইমার্জেন্সি মেডিকেল অফিসার সার্বক্ষণিক কর্মরত থাকেন।
৪. ভর্তিযোগ্য সব রোগী ভর্তি করা হয়।
৫. নার্স, প্যারামেডিকস, ওয়ার্ডবয়, আয়া ও পরিচ্ছন্ন কর্মী জরুরি রোগীদের চিকিৎসাসেবা প্রদানের জন্য ক্যাজুয়ালটি বিভাগে কর্মরত থাকেন।
৬. জরুরি বিভাগে আগত রোগী হাসপাতালে পৌঁছার পূর্বেই মৃত্যু ঘটলে তাকে ব্রট ডেড (Brought dead) হিসাবে চিহ্নিত করে আইনানুগভাবে মৃতদেহ হস্তান্তর করা হয়।
৭. সড়ক দুর্ঘটনা, আত্মহত্যার প্রচেষ্টা অথবা অন্য কোন রোগী যেগুলোকে পুলিশ কেস বলা হয় সেসব রোগীর ক্ষেত্রে যথাযথ চিকিৎসাসহ আইনানুগ ব্যবস্থা নেয়া হয়।
৮. কোন অজ্ঞাত ব্যক্তি অথবা কোন অচেতন ব্যক্তিকে হাসপাতালে আনার পর মৃত্যু হলে এবং তার সাথে কোন অ্যাটেনডেন্ট না থাকলে তার সাথে থাকা সম্পদসমূহ ইমার্জেন্সি মেডিকেল অফিসারের নিকট গচ্ছিত থাকে। ছয় ঘণ্টা পরে লাশ মর্গে পাঠানো হয় এবং আইনানুগ ব্যবস্থা গৃহিত হয়।
৯. বিভিন্ন ওয়ার্ড/বিভাগে মজুদ ঔষধের তালিকা, প্রদানকৃত সেবাসমূহের তালিকা, সেবা প্রদানকারী চিকিৎসকের তালিকা টানানো আছে।

অন্যান্য বিভাগ

১. বহির্বিভাগে সকাল ৮.০০ থেকে বিকাল ২.৩০ পর্যন্ত সুনির্দিষ্ট সেবা প্রদান করা হয়।
২. বহির্বিভাগ হতে নির্ধারিত ফি দিয়ে টিকেট সংগ্রহ করতে হয়।
৩. “আগে আসলে আগে পাবেন ভিত্তিতে” সেবা প্রদান করা হয়।
৪. ইউজার ফি (সেবার বিনিময়ে আদায়যোগ্য ফি)-র তালিকা সংশ্লিষ্ট বিভাগে টানানো আছে।
৫. অসচ্ছল রোগীদের বিনামূল্যে সেবা প্রদান করা হয়।
৬. বিভিন্ন ওয়ার্ড/বিভাগে মজুদ ঔষধের তালিকা, প্রদানকৃত সেবাসমূহের তালিকা, সেবা প্রদানকারী চিকিৎসকের তালিকা টানানো আছে।
৭. সরবরাহ সাপেক্ষে ঔষধসমূহ সেবাকেন্দ্র হতে বিনামূল্যে প্রদান করা হয়। তবে চিকিৎসার প্রয়োজনে কোন কোন ঔষধ কেন্দ্রের বাহির হতে সেবা গ্রহিতাকে ক্রয় করতে হতে পারে।
৮. তথ্য/অনুসন্ধান ডেস্ক বিদ্যমান আছে।
৯. মহিলাসহ সকল রোগীর পরীক্ষা ও চিকিৎসা প্রদানের ক্ষেত্রে যথাযথ গোপনীয়তা রক্ষা করা হয়।
১০. নিরাপদ খাবার পানির ব্যবস্থা আছে।
১১. নারী পুরুষের জন্য পৃথক পৃথক পরিষ্কার পরিচ্ছন্ন টয়লেটের ব্যবস্থা আছে।
১০. বেস্টফিডিং কর্নারসহ নারীবান্ধব পরিবেশ বিদ্যমান আছে।
১১. হাসপাতালে ফ্রি বেড, পেয়িং বেড এবং কেবিন বিদ্যমান, যার ফি সরকার নির্ধারিত।
১২. ভর্তি রোগীদের বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে জেনারেল সার্জারি, অর্থোপেডিক, মেডিসিন, নিউরোমেডিসিন, গাইনি, চক্ষু ও নাক-কান-গলা বিভাগে চিকিৎসার ব্যবস্থা আছে।

সেবা গ্রহিতার কর্তব্য

সেবাপ্রদানকারীগণ সেবা গ্রহিতার নিকট হতে সৌজন্যমূলক আচরণ প্রাপ্তির অধিকার রাখেন।